**বিষয়ঃ লাইন ক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের পদ্ধতি/ শর্তাদিঃ**

(i) পবিস নির্দেশিকা ৩০০-০৮ এর শর্তের আলোকে লাইনক্রু (লাইনক্রু লেভেল-১) নির্বাচন করা হবে। তবে মিটার রিডার কাম ম্যাসেঞ্জারদের লাইনক্রু হিসেবে নিয়োগের ক্ষেত্রে বয়স ২৫ পর্যন্ত শিথিল যোগ্য।

(ii) চূড়ান্তভাবে নির্বাচিত লাইনক্রুগণের মধ্য হতে লাইনম্যান পার্ট-১ (TL-010) প্রশিক্ষণে উত্তীর্ণ লাইনক্রুগণের সমন্বয়ে প্যানেল প্রস্তুত করা হবে। প্যানেলের মধ্য হতে বিভিন্ন পবিসের চাহিদা অনুযায়ী বাপবিবো এর অনুমোদন সাপেক্ষে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য পদায়ন করা করা হবে; সকল প্রশিক্ষণ ব্যয় সমিতি কর্তৃক বহন করা হবে। লাইনক্রু লেভেল-১ কর্মরত থাকা অবস্থায় সর্বসাকুল্যে মাসিক ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা বেতন প্রদান করা হবে এবং প্রতি বছর চুক্তিকালে ৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা সাকুল্যে বেতন বৃদ্ধি পাবে এবং লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে চাকুরীতে যোগদানের সময় ১০,০০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে সমিতি কর্তৃক নির্ধারিত হারে মুনাফা সহ ফেরত দেওয়া হবে।

(iii) এ ধরনের চুক্তিভিত্তিক লাইনক্রু নিয়োগের বিপরীতে বছর বছর চুক্তি সাপেক্ষে একটি পবিসে সর্বোচ্চ ০৯ টি চুক্তির মেয়াদ পর্যন্ত চাকুরী করতে পারবেন। অর্থাৎ ১ বছরের জন্য চুক্তি করা হবে। প্রতিবছর কর্মমূল্যায়ন করা হবে; যা সন্তোষজনক সাপেক্ষে পুনঃ চুক্তির জন্য বিবেচনা করা হবে এবং লাইনক্রুগণের চাকুরী কখনই কোন ক্রমেই নিয়মিত হবে না।

(iv) কমপক্ষে ০৫ টি চুক্তির মেয়াদ সমাপনান্তে সন্তোষজনক কর্মসম্পাদন এবং লাইনম্যান পার্ট-২ উত্তীর্ণ সাপেক্ষে তাকে লাইনক্রু লেভেল-২ হিসেবে নিয়োগ করা হবে। লাইনক্রু লেভেল-২ কর্মরত থাকা অবস্থায় সর্বসাকুল্যে মাসিক ২৮,০০০.০০ (আটাশ হাজার) টাকা বেতন প্রদান করা হবে এবং প্রতিটি পুনঃ চুক্তিকালে ৬০০.০০ (ছয়শত মাত্র) টাকা সাকুল্যে বেতন বৃদ্ধি পাবে।

(v) কমপক্ষে ১২ টি চুক্তির মেয়াদ সমাপনান্তে সন্তোষজনক কর্মসম্পাদন এবং লাইনম্যান পার্ট-৩ উত্তীর্ণ সাপেক্ষে লাইনক্রু লেভেল-৩ হিসেবে নিয়োগ করা হবে। লাইনক্রু লেভেল-৩ কর্মরত থাকা অবস্থায় সর্বসাকুল্যে মাসিক ৩৩,০০০.০০ (তেত্রিশ হাজার) টাকা বেতন প্রদান করা হবে এবং প্রতিটি পুনঃ চুক্তিকালে ৭০০.০০ (সাতশত মাত্র) টাকা সাকুল্যে বেতন বৃদ্ধি পাবে।

(vi) কমপক্ষে ২০ টি চুক্তির মেয়াদ সমাপনান্তে সন্তোষজনক কর্মসম্পাদন এবং লাইনম্যান পার্ট-৪ উত্তীর্ণ সাপেক্ষে লাইনক্রু লেভেল-৪ হিসেবে নিয়োগ করা হবে। লাইনক্রু লেভেল-৪ কর্মরত থাকা অবস্থায় সর্বসাকুল্যে মাসিক ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা বেতন প্রদান করা হবে এবং প্রতিটি পুনঃ চুক্তিকালে ৮০০.০০ (আটশত মাত্র) টাকা সাকুল্যে বেতন বৃদ্ধি পাবে।

(vii) নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক লাইনক্রুগণ সর্বোচ্চ ৪৫ (পয়তাল্লিশ) বছর বয়স পর্যন্ত চাকুরী করতে পারবেন।

(viii) ৯ম চুক্তি সমাপনান্তে অভিজ্ঞতা ও সন্তোষজনক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে অন্য পবিসে নিয়োগ প্রদান করা যেতে পারে এবং চাকুরীতে বেতন ধাপ অক্ষুন্ন থাকবে।

(ix) চুক্তিভিত্তিক নিয়োজিত লাইনক্রুগণ বার্ষিক সর্বোচ্চ ১০ (দশ) দিন নৈমিত্তিক ছুটি এবং ১৫ (পনের) দিন অর্জিত ছুটি ভোগ করতে পারবেন। কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণে অর্জিত ছুটি প্রদান করা না হলে উক্ত ছুটির বিপরীতে সাকুল্য বেতনের ৩০% হারে অর্থ প্রাপ্য হবেন। আংশিক অর্জিত ছুটি নগদায়নের ক্ষেত্রে আনুপাতিকহারে প্রাপ্ত হবেন। এছাড়াও কোনো কারণে অতিরিক্ত ছুটির প্রয়োজন হলে বিনা বেতনে ছুটি মঞ্জুর করা যেতে পারে।

(x) উৎসব বোনাস হিসেবে বার্ষিক ০২ টি বোনাস প্রদান করা হবে, যা কর্মকালীন সময়ে নির্ধারিত সর্ব সাকুল্যে বেতন এর ৫০% হারে প্রাপ্য হবেন। এপিএ বোনাস প্রদান/কর্তন কর্মরত সমিতির প্রাপ্য এর ৫০% হারে হিসাব করা হবে; উদাহরণ স্বরূপঃ কর্মরত সমিতি যদি ০২টি এপিএ বোনাস পায় তবে তিনি ০১টি এপিএ বোনাস পাবেন অর্থাৎ তাঁর সর্ব সাকুল্যে বেতন ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা হলে তিনি ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা এপিএ বোনাস পাবেন। বৈশাখী ভাতা হিসেবে সর্ব সাকুল্যে বেতনের ১০% প্রদান করা হবে।

(xi) অফিসের কাজের স্বার্থে কোথাও প্রেরণ করা হলে প্রকৃত টিএ এবং প্রতিদিন ডিএ হিসেবে ৪০০.০০ (চারশত মাত্র) টাকা প্রদান করা হবে।

(xii) চুক্তিভিত্তিক লাইন ক্রু গণের ৯ম চুক্তি সমাপনান্তে সন্তোষজনক ভাবে চাকুরী শেষে সর্বশেষ সাকুল্য বেতনের ভিত্তিতে বাৎসরিক একটি হিসেবে পুর্ণ চুক্তি সংখ্যা গণনা পূর্বক সংশ্লিষ্ট পবিস হতে এককালীন আর্থিক সুবিধাদি প্রাপ্ত হবেন। কমপক্ষে ধারাবাহিক ভাবে ০৫ টি চুক্তি সন্তোষজনক ভাবে সম্পাদন করলে এ আর্থিক সুবিধাদি প্রযোজ্য হবে। তবে কোন মামলা বা অনিয়ম কিংবা দাপ্তরিক শৃংখলা পরিপন্থী কাজে সংশ্লিষ্টতা থাকলে তিনি এই সুবিধা থেকে বঞ্চিত হবেন।

(xiii) যেহেতু লাইনক্রুগণ ঝুকিপূর্ণ কাজে নিয়োজিত থাকবেন, সেহেতু প্রতি বৎসর অন্যান্য কর্মচারীর ন্যায় তাদের জন্য জীবন বীমা করা হবে এবং তাদের ক্ষেত্রে workman compensation scheme প্রযোজ্য হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট পবিস উক্ত বীমার টাকা পরিশোধ করবে। তাছাড়া সমিতি কর্তৃক বুট, টুলস এবং ইউনিফর্ম প্রদান করা হবে। বাসা বরাদ্দ প্রদান করা হলে মাসিক সাকুল্যে বেতনের ১০% কর্তন করা হবে।

ফরম নং-বাপবিবোর্ড-পমাসপ-৫২৫-০৫ (ভার্সন-০১)
লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে চাকুরীর আবেদন ফরম
(প্রার্থীর স্বহস্তে বাংলায় পুরণযোগ্য)

পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
-----------------পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক)
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণঃ চুক্তিভিত্তিক

.............................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

.............................................
৫. প্রকাশনার তারিখ

.............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম

.................. ...............................................
৭. জন্ম তারিখ (এস,এস,সি/সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী)

.............................................
৮. পিতার নাম

.............................................
৯. বয়স (০১/০৪/২০১৯ খ্রিঃ তারিখে)

.............................................
১০. মাতার নাম

.............................................
১১. ধর্ম

.............................................
১২. জাতীয়তা ও ভোটার আইডি নং

.............................................
১৩. নিজ জেলা

.............................................
১৪. টেলিফোন/মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (টিক দিন)ঃ

☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-
☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার
☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি
☐ উপজাতি
☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা
☐ অন্যান্য

.......................................................................................................

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ........................ | ........................ | ........................ | ........................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. পত্র যোগাযোগের ঠিকানাঃ

| ........................ | ........................ | ........................ | ........................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

| ........................ | ........................ | ........................ |
|---|---|---|
| ১৯. পোষ্টাল অর্ডার নম্বর/ব্যাংক ড্রাফট | ২০. পোষ্টাল অর্ডারের মুল্য | ২১. ক্রয়ের তারিখ |

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী পূরণ করতে হবে) ০ঃ

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ সিজিপিএ | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)০ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)০ঃ

| নিয়োগ কর্তৃপক্ষের পদবী ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)০ঃ

| (ক) নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর | (খ) নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর |
|---|---|
| | |
| | |

আমি শপথ করে বলছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং উহা সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। শারীরিক পরীক্ষার সময় আমার সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা সনদ, সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদ ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) মূল কপি অবশ্যই প্রদর্শন করব।

.................................... ........................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

----------পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪

লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে লিখিত পরীক্ষার

**প্রবেশ পত্র**

প্রার্থীর রোল নম্বর ........................................................................ (অফিস কর্তৃক পূরণীয়)

পদের নাম .লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক)

(অফিস কর্তৃক পূরণীয়)

পরীক্ষার তারিখ ........................................................................

সময় ........................................................................

কেন্দ্রের নাম ........................................................................

ঠিকানা ........................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ও সীল ............................

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

প্রার্থীর নাম ........................................................................................

যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ...............................................................

..........................................................................................................

..........................................................................................................

..........................................................................................................

<u>পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশাবলী</u>

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, ক্যালকুলেটর, ইলেকট্রনিক ডিভাইস, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ ও মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। পরীক্ষা কক্ষে ধুমপান নিষিদ্ধ।

৮। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে প্রয়োজন মনে করলে পরিদর্শক গোপনীয়ভাবে পরীক্ষার্থীর রোল নম্বর সংগ্রহ করতঃ তা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

৯। পরীক্ষায় কৃতকার্য হলেও পরবর্তীতে কোন ত্রুটি ধরা পড়লে কিংবা যে কোন ধরনের অসংগতি পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।